**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/26/2021 **গভর্নর ক্যাথি হোকল**

# হাডসন নদীর খাঁড়ির জলভাগ সংলগ্ন এলাকার কমিউনিটিগুলোতে 39টি প্রকল্পের জন্য 1.5 মিলিয়ন ডলারের তহবিল বরাদ্দ দেয়া হচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

***এসব তহবিল কমিউনিটিগুলোকে ভবিষ্যতের বন্যা থেকে সুরক্ষিত রাখবে, নদীতে অ্যাক্সেস ও শিক্ষা বৃদ্ধি করবে, এবং পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার প্রসার ঘটাবে***

গভর্নর ক্যাথি হোকল আজ হাডসন নদীর খাঁড়ি সংলগ্ন কমিউনিটিগুলোকে চিত্তবিনোদনমূলক অ্যাক্সেস উন্নত করতে, পরিবেশগত শিক্ষা বৃদ্ধি করতে, এবং প্রাকৃতিক সম্পদগুলোর দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার অগ্রগতি করতে সাহায্য করবে এমন 39টি প্রকল্পের জন্য মোট 1.5 মিলিয়ন ডলারেরও বেশি তহবিল বরাদ্দ দেয়ার ঘোষণা দিয়েছেন।

"কমিউনিটির দীর্ঘস্থায়িত্ব উন্নত করবে এবং হাডসন রিভার ভ্যালি ও স্টেটজুড়ে আমাদের প্রাকৃতিক সম্পদগুলো সুরক্ষিত রাখবে এমন প্রকল্পগুলোতে বিনিয়োগ করতে নিউ ইয়র্ক স্টেট অঙ্গীকারাবদ্ধ," **বলেছেন গভর্নর হোকল।** "আজ ঘোষণা করা 39টি অনুদান, যার মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ 1.5 মিলিয়ন ডলারেরও বেশি, হাডসন নদীর জলভাগ সংলগ্ন কয়েক ডজন কমিউনিটিকে চিত্তবিনোদন ও নদীর অ্যাক্সেস উন্নত করার পাশাপাশি ভবিষ্যত প্রজন্মের জন্য এই খাঁড়িকে সংরক্ষণ করা ও সুরক্ষিত রাখতে কাজ করার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।"

স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিল এসব অনুদানের অর্থায়ন করছে এবং পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) হাডসন নদীর খাঁড়ি কর্মসূচি (Hudson River Estuary Program) সেগুলো পরিচালনা করছে।

"গভর্নর হোকলের সহায়তার ফলে, আজ ঘোষিত হওয়া এই 1.5 মিলিয়ন ডলারের তহবিল হাডসন রিভার ভ্যালির কমিউনিটিগুলোকে বন্যা ও অন্যান্য জলবায়ু সংক্রান্ত প্রভাবের প্রতি আরো বেশি সহিষ্ণু হয়ে উঠতে পরিকল্পনা ও উন্নত সরঞ্জাম প্রণয়ন করতে সাহায্য করবে সেইসাথে সব ধরনের সক্ষমতাসম্পন্ন লোকজনের জন্য চিত্তবিনোদনের সুযোগ সম্প্রসারণ করবে," **বলেছেন DEC কমিশনার বাসিল সেগোস**। "এসব তহবিল পানির গুণগত মানের টেকসই উন্নয়ন এবং আমাদের প্রাকৃতিক সম্পদগুলো সুরক্ষিত রাখার জন্য স্থানীয় পর্যায়ের সংরক্ষণ বিষয়ক প্রচেষ্টা ও অগ্রাধিকারগুলোর সাথে যোগ হচ্ছে।"

অঞ্চল অনুযায়ী তহবিলপ্রাপ্তদের তালিকা নিম্নরূপ:

## <u>একাধিক-অঞ্চল</u>

- **রিভারকিপার (Riverkeeper) - 50,000 ডলার**: জলাধারগুলোর জলবায়ু ঝুঁকি মূল্যায়ন। মিউনিসিপাল সীমানার মধ্যে অবস্থিত জলাধারগুলোর জলবায়ু-সংক্রান্ত ঝুঁকি আরো ভালোভাবে সংজ্ঞায়িত করার উদ্দেশ্যে রিভারকিপার একটি আঞ্চলিক-পর্যায়ের ঝুঁকি মূল্যায়ন সম্পন্ন করবে।
- **কনসেনসাস বিল্ডিং ইনস্টিটিউট (Consensus Building Institute) - 49,990 ডলার**: হাডসন রিভার ফ্লাড রেজিলিয়েন্স নেটওয়ার্ক (Hudson River Flood Resilience Network): টেকসই কার্যপরিচালনার জন্য একটি কৌশলগত রোডম্যাপ প্রণয়ন করে হাডসন রিভার ফ্লাড রেজিলিয়েন্স নেটওয়ার্কের জন্য একটি কৌশলগত পরিকল্পনা প্রদান করবে, সেইসাথে বন্যা সম্পর্কে আঞ্চলিক নির্দেশনামূলক ডকুমেন্ট প্রদান করবে।
- **প্র্যাট ইনস্টিটিউট (Pratt Institute) - 43,916 ডলার:** খাঁড়ি অ্যাক্সেস প্রকল্প: ইনভেন্টরি ডাটাবেস ও ইন্টারঅ্যাক্টিভ ম্যাপ। প্র্যাট ইনস্টিটিউট নিউ ইয়র্কবাসীদের হাডসন নদী অ্যাক্সেস ও উপভোগ করতে উৎসাহিত করার জন্য সমন্বিত, হালনাগাদ তথ্যের একটি একক গেটওয়ে উন্নয়ন করবে।

## <u>রাজধানী অঞ্চল</u>

### আলবানি কাউন্টি

- **নিউ স্কটল্যান্ড টাউন - 50,000 ডলার**: নিউ স্কটল্যান্ড টাউনের প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি ও ওপেন স্পেস প্ল্যান (Open Space Plan) প্রকল্প টাউনব্যাপী ওপেন স্পেস প্ল্যান তৈরির উদ্দেশ্যে টাউনের প্রাকৃতিক সম্পদগুলোর ইনভেন্টরি, ম্যাপ, ও বিবরণ তৈরি করবে।
- **র‍্যাডিক্স ইকোলজিক্যাল সাসটেইনেবিলিটি সেন্টার (Radix Ecological Sustainability Center) - 40,000 ডলার**: নদীর পুনরুজ্জীবিতকরণের জন্য নবায়নযোগ্য প্রতিকার - হাডসনে কমিউনিটি বিজ্ঞান, সমতা, ও পরিবেশগত-ন্যায়বিচার সংক্রান্ত শিক্ষা। র‍্যাডিক্স ইকোলজিক্যাল সাসটেইনেবিলিটি সেন্টার র‍্যাডিক্স-এর তরুণ কর্মচারী ও বাসিন্দাদের জলজ অঞ্চলের ঘন ঘন ব্যবহার ও উদ্বেগগুলো সম্পর্কে জানতে সাহায্য করার উদ্দেশ্যে আলবানির দক্ষিণ প্রান্তের কাছাকাছি এলাকায় হাডসন নদী সম্পর্কে শিক্ষার উদ্দেশ্যে একটি সৌরচালিত নৌযান নির্মাণ করবে।

### কলম্বিয়া কাউন্টি

- **কলম্বিয়া ল্যান্ড কনজার্ভেন্সি (Columbia Land Conservancy) - 37,655 ডলার:** ভার্চুয়ালভাবে প্রকৃতির সান্নিধ্যে! কলম্বিয়া ল্যান্ড কনজার্ভেন্সি হাডসন নদীর খাঁড়ি ও জলভাগের ওপর আলোকপাত করে ভার্চুয়াল ও স্থান-ভিত্তিক অভিজ্ঞতা তৈরি করবে। এই প্রকল্পের মধ্যে ট্রাভেলস্টোরিজ (TravelStorys) অ্যাপে 10টি ভার্চুয়াল ট্যুর,

"অ্যাক্সেস ফর অল ট্রেইল"-এ জলাধার বিষয়ক চিত্রকর্ম ইনস্টল করা, এবং গ্রিনপোর্ট কনজার্ভেশন এরিয়ায় নদী সংলগ্ন একটি পুরোনো গ্যাজিবো রেট্রোফিট করা অন্তর্ভুক্ত থাকবে।

### গ্রিন কাউন্টি

- **ক্যাটস্কিল ভিলেজ - 50,000 ডলার**: ডাচম্যান'স ল্যান্ডিং পার্ক বোট লঞ্চের অ্যাক্সেস উন্নতকরণ (Dutchman's Landing Park Boat Launch Access Improvement) প্রকল্প। ভিলেজটি নৌকার র‍্যাম্প ও ডক অধিকতর নিরাপদ ও আরো অ্যাক্সেসযোগ্য করতে, এবং ক্ষয় ও বন্যার বিরুদ্ধে সুরক্ষা দিতে ডাচম্যান'স ল্যান্ডিং পার্কে বিদ্যমান বোট লঞ্চের অ্যাক্সেস মেরামত ও উন্নত করবে।
- **রেনসেলার সিটি - 50,000 ডলার**: আরো দৃঢ়চিত্ত ও টেকসই একটি কমিউনিটি তৈরির উদ্দেশ্যে খোলা জায়গা ও চিত্তবিনোদন সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন করা হবে।
- **ট্রাউট আনলিমিটেড - 49,838 ডলার:** স্টিফেনটাউন টাউনের রোড স্ট্রিম ক্রসিং ম্যানেজমেন্ট প্ল্যান (Road Stream Crossing Management Plan) ভবিষ্যতের কালভার্ট প্রতিস্থাপনের ক্ষেত্রে একটি নির্দেশিকা হিসেবে ভূমিকা রাখবে, যা উচ্চ-মানের জলজ আবাসস্থলের পুনঃসংযোগ করবে এবং কমিউনিটির বন্যা মোকাবেলার সক্ষমতা উন্নত করবে ও সড়কের অবকাঠামো সুরক্ষিত রাখবে।
- **রেনসেলার ল্যান্ড ট্রাস্ট, ইনক. (Rensselaer Land Trust, Inc.) - 27,975 ডলার**: হাডসন নদী থেকে মাছ শিকার: ভবিষ্যতের জন্য ঐতিহ্যবাহী মাছ ধরার কৌশল ও টেকসইভাবে মাছ শিকার। রেনসেলার ল্যান্ড ট্রাস্ট ঐতিহ্যবাহী মাছ ধরার কৌশল, মাছের আবাসস্থল, ও হাডসন নদীতে মাছের প্রজাতিগুলো পুনরুদ্ধারের প্রচেষ্টা ইত্যাদি কম্পোনেন্ট নিয়ে নতুন পাঠ পরিকল্পনা তৈরি করবে।
- **মিডিয়া অ্যালায়েন্স, ইনক. (Media Alliance, Inc.) - 40,000 ডলার:** ন্যাচার'স কম্পিউটার ল্যাব (Nature's Computer Lab): খাঁড়ি থেকে শ্রেণিকক্ষ পর্যন্ত একটি ভার্চুয়াল খাল। মিডিয়া অ্যালায়েন্স, ইনক. নর্থ সেন্ট্রাল ট্রয়ে অবস্থিত তাদের নতুন ন্যাচার ল্যাব আরবান এনভায়রনমেন্টাল এডুকেশন সেন্টারের (NATURE Lab Urban Environmental Education Center) জন্য কম্পিউটার ক্রয় করবে। কম্পিউটার সরঞ্জাম ল্যাবে কাজের পরিধি প্রসারিত করবে, খাঁড়ি সম্পর্কিত শিক্ষা ও গবেষণায় সহায়তা করবে, এবং হাডসন সংলগ্ন যুব ও পরিবেশ বিষয়ক সংস্থাগুলোর মধ্যে সংযোগ স্থাপন করবে।

## <u>মিড-হাডসন ভ্যালি</u>

### ডাচেস কাউন্টি

- **মিলান টাউন - 44,010 ডলার:** প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি তৈরি। ভূমি ব্যবহার বিষয়ক পরিকল্পনা, নীতি-নির্ধারণ, ও পরিবেশগত পর্যালোচনার কাজে সম্পৃক্ত থাকা মিলান প্ল্যানিং বোর্ড (Milan Planning Board) এবং অন্যান্য টাউন বোর্ডের ব্যবহারের

জন্য নকশাকৃত একটি প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি (NRI) তৈরির জন্য এই টাউন হাডসনিয়ার (Hudsonia) সাথে কাজ করবে।

- **পোকেপসি টাউন - 50,000 ডলার**: নিউ হ্যামবার্গ বন্যা গবেষণা। এই টাউন নিউ হ্যামবার্গে বন্যা সম্পর্কে একটি গবেষণা পরিচালনা করবে, যা হাডসন নদী সংলগ্ন 100-বছরের প্লাবনভূমি নিয়ে করা হবে। এই প্রকল্পের মধ্যে প্লাবনভূমির বিশ্লেষণ, মাঠপর্যায়ে জরিপ, এবং বন্যা মোকাবেলার সম্ভাব্য সমাধানগুলো প্রণয়ন সম্পর্কিত কাজ অন্তর্ভুক্ত থাকবে।
- **ডাচেস কাউন্টির পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ (Department of Planning and Development) - 49,496 ডলার**: ডাচেস কাউন্টি প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি আপডেট কাউন্টির প্রাকৃতিক সম্পদগুলোর ও সম্ভাব্য ঝুঁকিসমূহের বর্তমান অবস্থা আরো ভালোভাবে বর্ণনা করবে।
- **হাডসন রিভার স্লুপ ক্লিয়ারওয়াটার ইনক. (Hudson River Sloop Clearwater Inc.) - 40,000 ডলার**: ক্লিয়ারওয়াটার ফিশ কি 2.0। হাডসন রিভার স্লুপ ক্লিয়ারওয়াটার নদী সংক্রান্ত শিক্ষার সংস্থানগুলোর একটি পোর্টাল তৈরির উদ্দেশ্যে হাডসন নদীর মাছ সম্পর্কে নতুন ভিডিও রিসোর্স ও অন্যান্য ওয়েবসাইটের লিংক যোগ করার মাধ্যমে বিদ্যমান ওয়েব-ভিত্তিক ফিশ কি টুল উন্নত করবে।
- **রিভার পুল অ্যাট বিকন (River Pool at Beacon) - 12,500 ডলার**: অবগাহন শিক্ষা - সাঁতার, নদীর বাস্তুসংস্থান অ্যাক্সেস ও অধ্যয়ন করার মাধ্যমে দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনা গড়ে তোলা। রিভার পুল অ্যাট বিকন পুল সিট, ওয়াকওয়ে ও প্রবেশপথগুলোর উন্নয়ন, ও নতুন সাইনের ব্যবস্থা করা সহ এটির ভাসমান রিভার পুল কাঠামো আপগ্রেড করবে।

## গ্রিন, সালিভান, ও উলস্টার কাউন্টি

- **হাডসন রিভার ওয়াটারশেড অ্যালায়েন্স (Hudson River Watershed Alliance) - 39,183 ডলার**: রন্ডআউট ও ইসোপাস ক্রিকের ভূমি ব্যবহার সংক্রান্ত নেতৃত্বের মৈত্রী প্রশিক্ষণ কর্মসূচি (Land Use Leadership Alliance Training Program) পেস ইউনিভার্সিটির (Pace University) ভূমি ব্যবহার আইন কেন্দ্রের (Land Use Law Center) সাথে অংশীদারিত্বের ভিত্তিতে টেকসই কমিউনিটি উন্নয়ন লালনের উদ্দেশ্যে রন্ডআউট ও ইসোপাস ক্রিকের জলভাগের জন্য একটি কমিউনিটি-ভিত্তিক ভূমি ব্যবহার সংক্রান্ত নেতৃত্বের মৈত্রী প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করবে।

## অরেঞ্জ কাউন্টি

- **হাইল্যান্ড ফলস ভিলেজ - 12,000 ডলার**: হাইল্যান্ড ফলস ওয়াটারফ্রন্ট পার্কের (Highland Falls Waterfront Park) প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি ও মূল্যায়ন সিনিক হাডসনের (Scenic Hudson) মালিকানাধীন ভূমির জন্য জনসাধারণের ব্যবহার, শিক্ষা, এবং এর প্রাকৃতিক সম্পদগুলোর সংরক্ষণের জন্য একটি মাস্টার প্ল্যান প্রণয়নে সাহায্য করবে।

## পাটনাম কাউন্টি

- **কেন্ট টাউন - 49,000 ডলার:** কেন্ট টাউন প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি প্রকল্প (Natural Resources Inventory Project) একটি প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি পরিচালনা করবে এবং জীববৈচিত্র্য ইনভেন্টরি প্রস্তুত করবে। এই ইনভেন্টরি ভবিষ্যত রেফারেন্স ও বৈজ্ঞানিক গবেষণার জন্য অঞ্চলটির বিভিন্ন প্রজাতি সম্পর্কে তথ্য প্রদান করবে।

**রকল্যান্ড কাউন্টি**

- **পিয়ারমন্ট ভিলেজ - 15,000 ডলার:** পিয়ারমন্টের জন্য একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়ন: সংস্কার পরিকল্পনা। সংস্কার ও স্থায়িত্বের ওপর জোর দিয়ে পিয়ারমন্ট ভিলেজ একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করবে। এই পরিকল্পনা ঝুঁকি কমানোর উদ্দেশ্যে জলবায়ুর সাথে মানিয়ে নেয়ার কৌশল ও নীতিমালা চিহ্নিত করবে এবং অর্থনৈতিক ও সাংস্কৃতিক স্থায়িত্ব উন্নয়ন সম্পর্কে নির্দেশনা প্রদান করবে।
- **নিউ ইয়র্ক সিটিতে ট্রাস্টিজ অব কলম্বিয়া ইউনিভার্সিটি (Trustees of Columbia University)- 39,088 ডলার:** হাডসন নদী সংক্রান্ত শিক্ষা: একতার কণ্ঠস্বর। কলম্বিয়া ল্যামন্ট-ডোহার্টি এর শিক্ষকরা হাডসন রিভার এডুকেটর্স (Hudson River Educators) কর্মসূচির পরবর্তী প্রজন্মকে সমৃদ্ধ করবে, যা যথাযথ প্রতিনিধিত্ব না থাকা হাই স্কুল ইন্টার্নদের সাথে কাজ করে থাকে। এসব শিক্ষার্থী, ভাতার বিনিময়ে, কমিউনিটির ব্যাপক পরিসরের বাসিন্দাদের কাছ থেকে উপকূলীয় হাডসন অঞ্চলে বেড়ে ওঠা ও বসবাসের অভিজ্ঞতা সম্পর্কে সাক্ষাতকার গ্রহণ করবে এবং ভিডিও ও প্রচারণামূলক অনুষ্ঠানের মাধ্যমে শেয়ার করার জন্য গল্প তৈরি করবে।

**উলস্টার কাউন্টি**

- **কিংসটন সিটি - 50,000 ডলার**: প্রাকৃতিক ও ঐতিহাসিক সম্পদের বিদ্যমান পরিকল্পনা ও ইনভেন্টরির পাশাপাশি GIS ডাটার অন্যান্য উৎস থেকে কমিউনিটি সংরক্ষণ পরিকল্পনা।
- **উলস্টার কাউন্টি - 46,554 ডলার**: উলস্টার কাউন্টির প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি ও ক্লাউড-ভিত্তিক ম্যাপিং পোর্টাল। উলস্টার কাউন্টি দেশব্যাপী প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি উন্নয়ন করবে এবং সেটিকে একটি ক্লাউড-ভিত্তিক ম্যাপিং পোর্টাল ও সঙ্গে থাকা মিউনিসিপ্যাল কিটের সাথে সংযুক্ত করবে।
- **আর্ম অব দ্যা সি প্রোডাকশন্স ইনক. (Arm of the Sea Productions Inc.) - 31,639 ডলার**: আর্ম-অব-দ্যা-সি টাইডওয়াটার সেন্টারে (Arm-of-the-Sea Tidewater Center) সামিয়ানা কর্মসূচি। এই প্রকল্প সগার্টিজ, NY-এ আর্ম-অব-দ্যা-সি টাইডওয়াটার সেন্টারে হাডসন নদী সম্পর্কিত কর্মসূচিগুলোর জন্য একটি বিশালকায় সামিয়ানার নকশা, অনুমোদন, ক্রয়, ও স্থাপন করবে।
- **মার্লবরো টাউন - 40,000 ডলার:** মার্লবরো টাউনের আঞ্চলিক বাসিন্দা ও দর্শনার্থীদের সেবা দেয়ার জন্য মিল্টন ল্যান্ডিং পার্কে (Milton Landing Park) অ্যাক্সেসযোগ্য কায়াক লঞ্চ।

- **কিংসটন সিটি - 50,000 ডলার**: রন্ডআউট ক্রিকে জনসাধারণের জন্য কায়াক অ্যাক্সেস। কিংসটন সিটি রন্ডআউট ক্রিকের বিদ্যমান অনিরাপদ পাবলিক কায়াক ডক অপসারণ করবে, একটি নতুন কায়াক লঞ্চ সিস্টেমের পরিকল্পনা ও নকশা সম্পন্ন করবে, এবং প্রতিবন্ধীদের জন্য পূর্ণাঙ্গ অ্যাক্সেসযোগ্যতা সহ একটি নতুন ডক নির্মাণ ও স্থাপন করবে।

**ওয়েস্টচেস্টার কাউন্টি**

- **নিউ ক্যাসল টাউন - 36,033 ডলার:** নিউ ক্যাসলের প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি। এই টাউন একটি প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি তৈরি করবে, যার মধ্যে টাউনের প্রাকৃতিক সম্পদগুলোর বর্তমান অবস্থার বিস্তারিত বিশ্লেষণ ও প্রতিবেদন এবং সংরক্ষণ ও প্রশমনের সুপারিশ অন্তর্ভুক্ত থাকবে।
- **মাউন্ট প্লিজেন্ট টাউন - 17,440 ডলার**: প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি ও জলাভূমি ম্যাপিং প্রকল্প মাউন্ট প্লিজেন্ট টাউনের জন্য একটি প্রাকৃতিক সম্পদের ইনভেন্টরি এবং জলাভূমি ম্যাপিং প্রকল্প সম্পন্ন করবে।
- **বেডফোর্ড টাউন - 30,981 ডলার**: কনজার্ভেশন ওভারলে অর্ডিনেন্স ও ম্যাপ। বেডফোর্ড টাউন একটি কনজার্ভেশন ওভারলে অর্ডিনেন্স ও ম্যাপ তৈরির জন্য একজন কন্ট্রাক্টরের সাথে সম্পৃক্ত হবে, এবং বিদ্যমান জোনিং অর্ডিনেন্সের সাথে সংযোজনের জন্য প্রস্তাবিত বন্যপ্রাণী করিডর ওভারলে ডিস্ট্রিক্ট আইনের খসড়া তৈরি করবে। সংরক্ষণ ও বন্যপ্রাণী বিষয়ক অর্ডিনেন্সগুলো সংযুক্ত করিডরগুলো এবং বন্যপ্রাণীদের আবাসস্থল সুরক্ষিত রাখতে ও সংরক্ষণ করতে সাহায্য করবে।
- **পেস ইউনিভার্সিটি - 46,612 ডলার:** পোক্যান্টিকো রিভার ওয়াটারশেড অ্যালায়েন্স (Pocantico River Watershed Alliance) এর সক্ষমতা নির্মাণ। পেস ইউনিভার্সিটি বিদ্যমান তথ্য একত্রিতকরণ ও নতুন ডাটা সংগ্রহের মাধ্যমে পোক্যান্টিকো নদীর জলভূমির একটি স্টেকহোল্ডার-ভিত্তিক মূল্যায়ন পরিচালনা করবে।
- **সারা লরেন্স কলেজ (Sarah Lawrence College) - 40,000 ডলার**: পরিবেশ সম্পর্কে শিক্ষাদান: নগরাঞ্চলের ভূদৃশ্য ও জলাভূমি আবিষ্কার। বেকজ্যাকের সারা লরেন্স কলেজের সেন্টার ফর দ্যা আরবান রিভার (Center for the Urban River) এবং চাইল্ড ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (Child Development Institute) "পরিবেশ সম্পর্কে শিক্ষাদান: নগরাঞ্চলের ভূদৃশ্য ও জলাভূমি আবিষ্কার" এর জন্য পাঠ্যক্রম প্রণয়ন, যাচাই, ও প্রকাশ করবে।
- **গ্রাউন্ডওয়ার্ক হাডসন ভ্যালি (Groundwork Hudson Valley) - 32,997 ডলার**: মানিয়ে নেয়া, শিক্ষাদান ও মূল্যায়নের জন্য তৈরি একটি পাইলট প্রকল্প ডাউনটাউন ইয়ংকার্সে স মিল নদীর ওপর থেকে প্রতিবন্ধকতা অপসারণ সম্পর্কে একটি অভিনব পাঠক্রম তৈরি করবে। গ্রাউন্ডওয়ার্ক হাডসন ভ্যালি নদীর তীরবর্তী অঞ্চলব্যাপী কিন্ডারগার্টেন থেকে গ্রেড 12 এর শিক্ষার্থীদের জন্য নতুন মানদণ্ড-ভিত্তিক পাঠক্রম প্রণয়ন করবে, যেখানে দক্ষিণ-পশ্চিম ইয়ংকার্সের শিক্ষার্থীদের ওপর বিশেষ জোর দেয়া হবে।
- **ইয়ংকার্স প্যাডিং ও রোয়িং ক্লাব (Yonkers Paddling & Rowing Club) - 45,800 ডলার:** হাডসন রিভার রাইডার্স (Hudson River Riders)। কমিউনিটি সংস্থাগুলোর সাথে

কাজ করে, ইয়ংকার্স প্যাডিং ও রোয়িং ক্লাব এটির বিনামূল্যের হাডসন রিভার রাইডার্স কর্মসূচি সম্প্রসারণ করবে যা সুবিধাবঞ্চিত তরুণ-তরুণীদের প্রতি বিশেষ নজর রেখে জনসাধারণের জন্য নদী অ্যাক্সেস করার সুযোগ প্রদান করে থাকে। হাডসন রিভার রাইডার্স কর্মসূচি তরুণ-তরুণীদেরকে পরবর্তী প্রজন্মের প্যাডলার হওয়া এবং পরিবেশগত দায়িত্বপূর্ণ ব্যবস্থাপনার ভূমিকা পালনের জন্য নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান করে।

## <u>নিউ ইয়র্ক সিটি</u>

### নিউ ইয়র্ক কাউন্টি

- **ন্যাচারাল এরিয়াস কনজার্ভেন্সি, ইনক. (Natural Areas Conservancy, Inc.) - 50,000 ডলার**: নিউ ইয়র্ক সিটির হাইব্রিজ পার্কের (Highbridge Park) জন্য বন ব্যবস্থাপনা ও স্টুয়ার্ডশিপ পরিকল্পনা। ন্যাচারাল এরিয়াস কনজার্ভেন্সি নর্দান ম্যানহাটনে হাইব্রিজ পার্কের 102 একরের প্রাকৃতিক বনভূমির জন্য একটি বন ব্যবস্থাপনা ও কমিউনিটি স্টুয়ার্ডশিপ পরিকল্পনা প্রণয়ন করবে।
- **নিউ ইয়র্কের সংস্কার প্রকল্প - 49,984 ডলার**: লিভিং শোরলাইন মনিটরিং (Living Shoreline Monitoring) প্রকল্প পার্কটিকে বন্যা থেকে সুরক্ষিত রাখার জন্য বাস্তুসংস্থানের কার্যক্রম ও উপকূলের অবস্থার উন্নতি মূল্যায়নের মাধ্যমে শেরম্যান ক্রিক পার্কে (Sherman Creek Park) লিভিং শোরলাইন উদ্যোগের প্রভাবগুলো মূল্যায়ন করবে। এই তদারকি ও মূল্যায়নের অধ্যয়নে লিভিং শোরলাইন কিভাবে আবাসস্থল ও জীববৈচিত্র্য, বন্যপ্রাণীর উপস্থিতি, কার্বন সংগ্রহকে প্রভাবিত করে, এবং পলি জমা হওয়ার উন্নতি করে তা পরীক্ষা করবে।
- **ফ্রেন্ডস অব হাডসন রিভার পার্ক - 38,188 ডলার**: হাডসন রিভার পার্কের ওয়েস্টশার্ক প্লাস্টিক দূষণ সংগ্রহ ও শিক্ষা (WasteShark- Plastic Pollution Collection and Education) প্রকল্প পানিতে ভাসমান বর্জ্য সংগ্রহ করার পাশাপাশি ভূস্থানিক ও পানির গুণগত মান সম্পর্কিত তথ্য সংগ্রহের উদ্দেশ্যে ওয়েস্টশার্ক নামক একটি স্বয়ংক্রিয় অ্যাকোয়াড্রোন ক্রয় ও মোতায়েন করবে।
- **ডাউনটাউন বোটহাউজ - 40,000 ডলার**: ম্যানহাটনে বিনামূল্যের কায়াকিং কর্মসূচি সম্প্রসারণ। ডাউনটাউন বোটহাউজ কায়াক, অ্যাডাপ্টিভ প্যাডলিং, ও নিরাপত্তা সরঞ্জাম ক্রয় করবে এবং জনপ্রিয় লঞ্চ সাইটগুলোতে কায়াক ও প্যাডল র‍্যাক নির্মাণ করবে। এছাড়াও তারা তরুণদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা সহ, সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর কাছে পৌঁছে যেতে বিনামূল্যে কায়াকিং কর্মসূচি সম্প্রসারণ করবে।
- **ওয়াটারফ্রন্ট অ্যালায়েন্স ইনক. (Waterfront Alliance, Inc.) - 39,341 ডলার**: খাঁড়ি অনুসন্ধানকারী। ওয়াটারফ্রন্ট অ্যালায়েন্স এটির উপকূলীয় দৃঢ়চিত্ততা শিক্ষা টুলকিটকে একটি উপকূলীয় দৃঢ়চিত্ততা রেসিডেন্সি পাঠক্রমে রূপান্তর করবে। এই রেসিডেন্সি একটি বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়ন করবে যা শিক্ষকদেরকে খাঁড়ি সম্পর্কে শিক্ষাদানের জন্য একসাথে কাজ করতে এবং অংশীদার খুঁজে নিতে সুযোগ করে দিবে। এছাড়াও এই তহবিল স্কুলগুলোতে একটি পাইলট রেসিডেন্সি কর্মসূচির জন্য সহায়তা প্রদান করবে, যেখানে নর্দান ম্যানহাটন, ব্রুকলিন, ও স্ট্যাটেন আইল্যান্ডের

পরিবেশগত ন্যায়বিচার সংক্রান্ত কমিউনিটিগুলোতে প্রত্যেকটির জন্য আট সপ্তাহের বেশি সময় নিয়ে চারটি ক্লাসের আয়োজন করা হবে।

## রিচমন্ড কাউন্টি

- **NYC-এর ডিপার্টমেন্ট অব পার্কস এন্ড রিক্রিয়েশন (Dept of Parks & Recreation) - 50,000 ডলার:** স্নাগ হার্বার সবুজ অবকাঠামোর নকশা। NYC-এর ডিপার্টমেন্ট অব পার্কস এন্ড রিক্রিয়েশন সরাসরি হার্বার ব্রুকে গিয়ে পড়া অপরিশোধিত বৃষ্টির পানি নিয়ন্ত্রণে সাহায্য করার উদ্দেশ্যে স্ট্যাটেন আইল্যান্ডের উত্তর উপকূলে অবস্থিত স্নাগ হার্বার পার্কে (Snug Harbor Park) একটি রেইন গার্ডেনের নকশা প্রণয়ন করবে।

স্টেটের পরিবেশ সুরক্ষা তহবিল 1994-1995 অর্থবছরে 31 মিলিয়ন ডলারের মূল পরিমাণ থেকে বৃদ্ধি পেয়ে 300 মিলিয়ন ডলারে পরিণত হয়েছে। 2022 অর্থবছরে প্রণীত বাজেটে EPF এর জন্য 300 মিলিয়ন ডলার রাখা হয়েছে, যা এই কর্মসূচির ইতিহাসে সর্বোচ্চ মাত্রার তহবিল। এই বরাদ্দের মধ্যে কঠিন বর্জ্য সংক্রান্ত কর্মসূচির জন্য 40 মিলিয়ন ডলার, পার্ক ও চিত্তবিনোদনের জন্য 90 মিলিয়ন ডলার, ওপেন স্পেস প্রোগ্রামের জন্য 151 মিলিয়ন ডলার এবং জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন কর্মসূচির জন্য 19 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে। এই বিনিয়োগ গুরুত্বপূর্ণ পরিবেশ বিষয়ক কর্মসূচি যেমন ভূমি অধিগ্রহণ, কৃষিজমির সুরক্ষা, আক্রমণাত্মক প্রজাতি প্রতিরোধ ও দূরীকরণ, চিত্তবিনোদনের বর্ধিত অ্যাক্সেস, পানির গুণমান উন্নয়ন, ও পরিবেশগত ন্যায়বিচারের উদ্দেশ্যে একটি আগ্রাসী এজেন্ডার জন্য তহবিল প্রদান করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন